গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [১.২] নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসাবে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত প্রথম অবহিতকরণ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আঃ খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব ) |
| সভার তারিখ | ১১ সেপ্টেম্বর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.৩০ টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | রেকর্ডেড |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট, বিসিএমসিএল, এমজিএমসিএল সহ বিএমডির সিলিকাবালু কোয়ারি ইজারাদারগণ এ সভায় উপস্থিত ছিলেন। বিএমডি কি কি সেবা প্রদান করে এবং কোন সেবা কতদিনের মধ্যে প্রদান করা হয় এ সম্পর্কে বিস্তারিত আলোচনার জন্য সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বিএমডি প্রদত্ত সেবাকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা এই ০৩ (তিন) ভাগে ভাগ করা হয়েছে। নাগরিক সেবাসমূহ হচ্ছে অনুসন্ধান লাইসেন্স প্রদান, খনি ইজারা প্রদান, কোয়ারি ইজারা প্রদান। এই সেবসমূহ কিভাবে প্রদান করা হয়, সেবা পেতে কতদিন সময় লাগে, কোন সেবা কোন কর্মকর্তা প্রদান করে তা বিস্তারিতভাবে উল্লেখ করেন। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে জড়িত সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তর করা হয়েছে এবং ইতোমধ্যে অনলাইনে ১৩ টি কোয়ারি ইজারা প্রদান করা হয়েছে মর্মে জানান। অনলাইনে (প্রাপ্তির লিংক- http://esheba.bomd.gov.bd)।

৩.০ বিএমডির কর্মকর্তা উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব) জানান, দেশীয় উৎস হতে উত্তোলনযোগ্য কয়লা অনুসন্ধানের লক্ষ্যে জয়পুরহাট জেলার সদর ও নওগাঁ জেলার ধামইরহাট উপজেলায় অবস্থিত জামালগঞ্জ কয়লাক্ষেত্রের উত্তর-পশ্চিমাংশের ১৫ বর্গ কি. মি (১৫০০ হেক্টর) এলাকায় খনিজ অনুসন্ধান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অনুসন্ধান লাইসেন্স সরকার কর্তৃক অনুমোদনের পর পরবর্তী প্রক্রিয়ার জন্য বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানিকে নিরাপত্তা জামানত পরিশোধের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল এবং তৎপ্রেক্ষিতে তারা নিরাপত্তা জামানত পরিশোধ করে। বর্তমানে চুক্তি স্বাক্ষরের পরবর্তী কার্যক্রম চলমান। তিনি আরও জানান, চলতি অর্থবছরে হবিগঞ্জ জেলায় ৭টি কোয়ারি ইজারা প্রদানের কার্যক্রম অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের বিষয়ে বিসিএমসিএল-এর প্রতিনিধি জানান, খুব শীঘ্রই চুক্তি স্বাক্ষরের বিষয়ে বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করে সময় নির্ধারণ করা হবে।

৪.০ সভাপতি এভারলাস্ট মিনারেল্স লিমিটেড এর প্রতিনিধির কাছে মতামত জানতে চাইলে তিনি বলেন, ২০২০ সালে বিএমডি গাইবান্ধা জেলার সদর ও ফুলছড়ি উপজেলার অন্তর্গত ব্রহ্মপুত্র-যমুনা নদীর চর এলাকার ৪০০০ (চার হাজার) হেক্টর ভূমিতে খনিজ বালু অনুসন্ধানের লক্ষ্যে এভারলাস্ট মিনারেলস লিমিটেড এর অনুকূলে অনুসন্ধান লাইসেন্স মঞ্জুরি প্রদান করে যা পরবর্তীতে ২০২২ সালে ০১ (এক) বছরের জন্য নবায়ন করা হয়। ডিসেম্বর, ২০২২-এ তারা ইজারার জন্য আবেদন করেন যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে বলে জানান। এছাড়া চলতি বছরে আরও ২টি অনুসন্ধান লাইসেন্সের জন্য আবেদন করেন। সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ নিয়ম মেনে নবায়ন প্রদানের জন্য নির্দেশ প্রদান করেন। মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানির প্রতিনিধি বলেন, বিএমডিকে তারা প্রতিমাসে কঠিন শিলা উত্তোলনের প্রতিবেদন প্রেরণ করে এবং নিয়মিত ভাবে প্রতি ৩ মাস অন্তর অন্তর রয়্যালটি পরিশোধ করে চালানের কপি প্রেরণ করে থাকে।

৫.০ হবিগঞ্জ-এর একজন ইজারাদার বিএমডির কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি বলেন বিএমডি আন্তরিকতার সাথে যথা সময়ে ইজারা মঞ্জুরি প্রদান করেছে। কিন্তু বিএমডি থেকে ইজারা মঞ্জুরি দেওয়ার পর সংশ্লিষ্ট জেলায় স্থানীয় প্রশাসন তাদের সহযোগিতা করেন না বলে অভিযোগ করেন। এছাড়া কামাইছড়া মহাল নামের একটি ছড়ায় সীমানা নির্ধারনের বিষয়ে বাগান কর্তৃপক্ষ বলেছেন দখলে যেতে চাইলে বিএমডিকে সাথে নিয়ে সীমানা নির্ধারণ করতে হবে। এমতাবস্থায়, তিনি ভোগ দখল করতে পারছেন না ফলে তিনি ক্ষতিগ্রস্ত হচ্ছেন মর্মে জানান। সভাপতি বিএমডির কর্মকর্তাদের এই বিষয়টি দ্রুত সমাধানের জন্য স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করতে বলেন এবং পরবর্তী সভায় স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে বলেছেন।

**৬.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

১. পরবর্তী অংশীজন সভায় কোয়ারি এলাকার ইজারাদার, স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;

২. বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে আরও বিস্তারিতভাবে অংশীজনদেরকে অবহিত করতে হবে।

৭.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০৯-২০২৩
মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব )
+৮৮০২৮৩৯১৫৬৭ (ফোন)
dg@bomd.gov.bd

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৭৮৪

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৫। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
৮। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৯। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;
১০। জনাব মোঃমিজানুর রহমান/ জনাব মোঃশফিকুল ইসলাম/ জনাব সেলিম আহমেদ/ জনাব মোঃ সালেক মিয়া/জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট এবং;
১১। পি.এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিএমডি, ঢাকা এবং
১২। অফিস কপি।

২৭-০৯-২০২৩
মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)